দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 APR 2018
পৃষ্ঠা ... কলাম ...

# প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের দুই সদস্য গ্রেফতার

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর তেজগাঁও এলাকা থেকে সংঘবদ্ধ প্রশ্নপত্র ফাঁসকারী চক্রের আরো দুই সদস্যকে গ্রেপ্তার করেছে র‍্যাব। তারা হলেন, মিজানুর রহমান মিলন (২৪) ও রাফসান চৌধুরী (২৮)। র‍্যাবের ভাষ্য, গ্রেফতারকৃতরা আসন্ন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করার চেষ্টা করছিল।

র‍্যাব-১ এর পরিচালক লে. কর্নেল স্যারওয়ার বিন কাশেম বলেন, প্রশ্নপত্র ফাঁসকারী সংঘবদ্ধ চক্রের তৎপরতা এখনও চলছে। এই চক্রের দুই সদস্যকে গ্রেফতার করে এ বিষয়ে আরো অনেক গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে।

র‍্যাব জানায়, গতকাল শনিবার ভোরের দিকে তেজগাঁও লিংক রোড এলাকা থেকে মিজানুর রহমান ও রাফসান চৌধুরীকে গ্রেফতার করা হয়। এদের মধ্যে মিজানুর কুড়িগ্রাম জেলার ভূরুঙ্গামারীর দেওয়ানী খামার গ্রামের নূর মোহাম্মদ আলীর ছেলে। আর রাফসান চাঁদপুর জেলার হরিপুর ভূইয়ার হাট এর আলাউদ্দিন চৌধুরীর ছেলে। গ্রেফতারকৃতদের কাছ থেকে প্রশ্নপত্র ফাঁসের কাজে ব্যবহৃত তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মোবাইলফোন যাচাই করে ধৃত দুজনের সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রশ্নপ্রত্র ফাঁসের ব্যাপারে সংশ্লিষ্টতা পাওয়া যায়।

প্রাথমিক জিজ্ঞসাবাদে গ্রেফতার হওয়া মিজানুর রহমান সম্পর্কে র‍্যাব জানতে পেরেছে, সে ২০১৫ সালে কুড়িগ্রাম থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছিল। এরপর থেকে সে স্বেচ্ছায় এই পেশায় নিয়োজিত হয়। সে ২০১৫ সালে জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ছাড়াও পরীক্ষার রেজাল্ট পরিবর্তনের জন্য বিভিন্ন লোকজনে কাছ থেকে মোটা অংকের টাকা হাতিয়ে নেয়। রাফসান চৌধুরী জিজ্ঞাসাবাদে র‍্যাবকে জানায়, সে এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়ার পর থেকেই তার এক নিকটতম বন্ধুর মারফতে এই কাজে নিয়োজিত হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে